# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩৪০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৩৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪০ : পিতা-মাতার সাথে সদ্ব্যবহার এবং আত্মীয়তা অক্ষুণ্ণ রাখার গুরুত্ব

بَابُ بِرِّ الْوَالِدَيْنِ وَصِلَةِ الأَرْحَامِ ـ (40)

---

আরবী

وَعَنِ البَرَاءِ بنِ عَازِبٍ رَضِيَ اللهُ عَنهُمَا، عَنِ النَّبيِّ صلى الله عليه وسلم، قَالَ: «الخَالَةُ بِمَنْزِلَةِ الأُمِّ». رواه الترمذي، وَقالَ: حديث حسن صحيح»

বাংলা

২৪/৩৪০। বারা ইবনু 'আযেব রাদিয়াল্লাহু 'আনহু কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''খালা মায়ের মর্যাদায় অধিষ্ঠিত।'' (তিরমিযী)[1]

এ প্রসঙ্গে আরো অনেক সহীহ ও প্রসিদ্ধ হাদীস রয়েছে, তার মধ্যে গুহাবন্দী তিন ব্যক্তির (১৩নং) হাদীস, জুরাইজের (২৬৪নং) লম্বা হাদীস এবং আরো অন্যান্য সহীহ ও প্রসিদ্ধ হাদীস সংক্ষেপ করার উদ্দেশ্যে উল্লেখ করলাম না। তার মধ্যে 'আমর ইবনু আবাসাহর (৪৪৩নং) হাদীসটি বড়ই গুরুত্বপূর্ণ, যাতে ইসলামের অনেকানেক মৌলনীতি ও শিষ্টাচারিতার কথা বর্ণিত হয়েছে। যেটিকে পূর্ণরূপে 'আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব' পরিচ্ছেদে উল্লেখ করব -ইনশাআল্লাহ। যে হাদীসে সাহাবী রাদিয়াল্লাহু 'আনহু বলেন, আমি নবুঅতের শুরুর দিকে মক্কায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে এলাম এবং বললাম, 'আপনি কি?' তিনি বললেন, ''আমি নবী।'' আমি বললাম, 'নবী কি?' তিনি বললেন, ''আমাকে মহান আল্লাহ প্রেরণ করেছেন।'' আমি বললাম, ' কী নির্দেশ দিয়ে প্রেরণ করেছেন?' তিনি বললেন, ''জ্ঞাতিবন্ধন অক্ষুণ্ণ রাখা, মূর্তি ভেঙ্গে ফেলা, আল্লাহকে একক উপাস্য মানা এবং তাঁর সাথে কাউকে শরীক না করার নির্দেশ দিয়ে।---'' (অতঃপর পূর্ণ হাদীস বর্ণনা করেছেন। আর আল্লাহই অধিক জানেন।)

## English

(40) Chapter: Kind Treatment towards Parents and establishment of the ties of Blood Relationship

Al-Bara' bin 'Azib (May Allah be pleased with them) reported:
I heard the Prophet (ﷺ) saying: "A mother's sister is equivalent to (real) mother (in status)".

[At-Tirmidhi]

Commentary: This Hadith tells us that one should be as respectful to one's aunt (mother's real sister) as one is to mother, as it is a virtue as well as "a form of maintaining the ties of kinship".

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৭০০, ৪২৫১, তিরমিযী ১৯০৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22771

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন